

জাতীয় উচ্ছেদ স্বগিতাদেশ সম্পর্কে জানা

এখন আমার চাকুরি নেই। আমি আমার বাড়ি ভাড়া পরিশোধ করতে পারছি না।

আমিও আমার চাকুরি হারিয়েছি। আমার মনে হয়, কোভিড-১৯ এর কারণে আমাদের কমিউনিটির আরও অনেকে বাড়ি ভাড়া পরিশোধ করতে হিমশিম খাচ্ছেন

একথা কি সত্য যে ফেডারেল সরকার বাড়ি থেকে উচ্ছেদ বন্ধ ঘোষণা করেছেন?

ফেডারেল সরকার ৩১শে ডিসেম্বর পর্যন্ত বাড়ি থেকে উচ্ছেদের উপর স্বগিতাদেশ দিয়েছেন, কিন্তু এতে উচ্ছেদ বন্ধের নিশ্চয়তা দেয়া হয়নি। আপনাকে একটি ডিক্লারেশন ফর্ম জমা দিতে হবে।

আমাকে কি করতে হবে?

একটি ডিক্লারেশন ফর্ম স্বাক্ষর করে আপনার বাড়ি মালিকের কাছে জমা দিন। এ ফর্মে কিছু শর্তের উল্লেখ রয়েছে, যেগুলো আপনাকে পূরণ করতে হবে।

যোগ্যতা অর্জনের জন্য আপনাকে অবশ্যই যা করতে হবে:

- ✓ আপনার আয় \$৯৯,০০০ এর কম অথবা পরিবারের আয় \$১৯৮,০০০ এর কম হতে হবে।
- ✓ আয় না থাকার কারণে ভাড়া পরিশোধে অসমর্থ হতে হবে।
- ✓ বাড়ি ভাড়া সহায়তার জন্য আবেদন করেছেন, কিন্তু কোন সহায়তা পাননি।
- ✓ সম্ভব হলে আংশিক ভাড়া পরিশোধে সম্মত হতে হবে।
- ✓ গৃহহীন হতে হবে অথবা উচ্ছেদ হওয়ার পর শিপি বাড়িতে থাকতে হবে।

আমার আয়ের কোনো কাগজপত্র কি দেখাতে হবে?

*ডিক্লারেশনের সঙ্গে আপনাকে আয় সংক্রান্ত কোন কাগজপত্র জমা দিতে হবে না। কিন্তু আপনার বাড়ি মালিক যদি চ্যালেঞ্জ করেন সেজন্য আপনার উচিত আয়ের ডকুমেন্ট প্রস্তুত রাখা।

স্বগিতাদেশের মেয়াদকালে আমার অপরিশোধিত ভাড়া কি আমাকে পরে পরিশোধ করতে হবে?

হ্যাঁ। সেজন্য স্বগিতাদেশের সময়ে আপনার পক্ষে যতটুকু সম্ভব ভাড়া পরিশোধ করুন এবং পরে পরিশোধ না করা অংশ আপনার কাছে পাওনা থাকবে।

তাহলে আমি ফর্ম দিয়ে কি করবো?

একটি ডিক্লারেশন ফর্ম স্বাক্ষর করে আপনার বাড়ি মালিকের কাছে জমা দিন। আপনার বাড়িতে যদি একজনের অধিক প্রাপ্ত বয়স্ক সদস্য থাকেন, তাহলে প্রত্যেক ব্যক্তিকে তাদের নিজ নিজ ফর্ম জমা দিতে হবে।

কিভাবে ডিক্লারেশন ফর্ম জমা দিতে হবে:

- ✓ সতর্কতার সাথে পড়ে দেখুন আপনি এটির জন্য যোগ্য কিনা
- ✓ ডিক্লারেশন স্বাক্ষর করুন
- ✓ আপনার বাড়ির মালিকের কাছে এটি ইমেইল করুন অথবা সার্টিফাইড ডাকে পাঠান
- ✓ আপনার রেকর্ডের জন্য ছবি তুলে একটি কপি রাখুন
- ✓ আপনার বাড়ির প্রত্যেক প্রাপ্ত বয়স্ক সদস্যকে তাদের নিজ নিজ ফর্ম জমা দিতে হবে

সব তথ্য যে সঠিক সে সম্পর্কে নিশ্চিত হোন। ডিক্লারেশন একটি আইনগত দলিল। আপনি যদি মিথ্যা তথ্য প্রদান করেন তাহলে আপনি শাস্তির ঝুঁকির মধ্যে পড়তে পারেন।

আরো তথ্যের জন্য ভিজিট করুন:

- অনুবাদকৃত ফ্যাক্টশিট ও ডিক্লারেশন
- www.nationalcapacd.org
- www.nhlp.org

আমার অধিকারগুলো কি?

আমাকে কি যুক্তরাষ্ট্রের নাগরিক হতে হবে? এর ফলে কি আমার নাগরিকত্বের আবেদন করার উপর কোন প্রভাব পড়বে?

না, ইমিগ্রেশন স্ট্যাটাস যাই হোক না কেন সকল ব্যক্তির ক্ষেত্রে এটি প্রযোজ্য। এর ফলে নাগরিকত্বের জন্য আপনার আবেদন করার উপর কোন প্রভাব পড়বে না। আপনি আপনার এ্যাটর্নির সাথে এব্যাপারে কথা বলতে পারেন।

আমার যদি কোন লিজ না থাকে তাহলে কি হবে? লিজ না থাকলেও কি আমি যোগ্য?

হ্যাঁ

আমার সিটি বা স্টেটের যদি নিজস্ব স্বগিতাবস্বা থাকে, তাহলেও কি এর কার্যকারিতা বলবৎ থাকবে?

আপনার স্থানীয় স্বগিতাবস্বা যদি শক্তিশালী হয়, তাহলে সেটি বলবৎ থাকবে। স্থানীয় স্বগিতাবস্বার হালনাগাদ তালিকা পেতে হলে স্টেট স্বগিতাবস্বার তালিকা দেখুন।

আমি ভয় করছি যে আমার বাড়ি মালিক আইনকানুন অনুসরণ করবেন না এবং যে কোনভাবে আমাকে উচ্ছেদ করতে চেষ্টা করবেন।

আপনার উচিত অবিলম্বে স্থানীয় কোন নন-প্রফিট সংস্থা অথবা লিগ্যাল এইড এর সাথে যোগাযোগ করা।

আমি আমার বাড়ি মালিককে ডিক্লারেশন দেয়ার পর বাড়ি মালিক যদি আমাকে বের করে অ্যাপার্টমেন্ট তালাবদ্ধ করে দেয়, তাহলে কি হবে?

এমন ঘটলে তা হবে সিডিসি উচ্ছেদ আদেশের লংঘন। আপনার বাড়ি মালিকের বিরুদ্ধে অভিযোগ আনার জন্য আপনি আইনি সহায়তার আশ্রয় নিতে পারেন।

আমার এক বন্ধু ইতোমধ্যে উচ্ছেদের হুমকির মধ্যে পড়ে কোর্টের দ্বারস্থ হয়েছেন। এতে কি উচ্ছেদ প্রতিহত করা যাবে?

তাকে বলুন উচ্ছেদ ঠেকানোর জন্য অবিলম্বে একটি ডিক্লারেশন জমা দিতে এবং আইনি সহায়তা গ্রহণ করতে।

আপনার অধিকার সম্পর্কে জেনে নিন

- ✓ আপনার বাড়ি মালিক আপনাকে বের করে দিয়ে অ্যাপার্টমেন্ট তালাবদ্ধ করে দিতে পারেন না
- ✓ আপনি যদি উচ্ছেদের হুমকির মধ্যে পড়ে থাকেন, তাহলে একজন এ্যাটর্নির সাথে যোগাযোগ করুন
- ✓ আইনগত সেবা দানকারী সংস্থার তালিকা পেতে হলে ভিজিট করুন: <https://bit.ly/2xNvL6M>
- ✓ টেন্যান্ট এসোসিয়েশনসমূহের তালিকা পেতে হলে ভিজিট করুন: <https://bit.ly/2WJb5Kk>
- ✓ স্থানীয় বার এসোসিয়েশনগুলোর তালিকা পেতে হলে ভিজিট করুন: <https://bit.ly/2KnFOpt>

আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ!

কোন ব্যাপার নয়। ভাড়াটে হিসেবে আমাদেরকে ঐক্যবদ্ধ হতে হবে এবং পরস্পরকে সাহায্য করতে হবে!

ভাড়াটেকদের ঐক্য!

ভাড়াটেরা যখন ঐক্যবদ্ধভাবে কাজ করে তখন আমাদের ক্ষমতাও থাকে বেশি!

আপনার বিল্ডিংয়ের টেন্যান্ট এসোসিয়েশন গঠন সম্পর্কে জানতে হলে ভিজিট করুন: aapineighborhoods.org.